

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন বিপণন ও সম্প্রসারণ শাখা
জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭, ঢাকা।

স্মারক: ৩২.০৪.০০০০,০০০,০০১,৪০.২২৪.১৯-০৯

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি:

বিজ্ঞপ্তি

বিষয়: ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে ৭ দিনব্যাপী অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহণের জন্য নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান।


আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭ (পুরাতন), ঢাকায় আগামী ০৮-১৪ মার্চ, ২০২৬ তারিখে ৭ (সাত) দিনব্যাপী “জয়িতা ঈদ মেলা” অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তাগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। জয়িতা মেলায় দেশীয় ঐতিহ্যবাহী পোশাক, হস্ত ও কারুশিল্প ও স্বল্প সংখ্যক খাবারের স্টল থাকবে।

২। আন্তর্জাতিক নারী দিবস ও পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষ্যে আয়োজিতব্য মেলায় জয়িতার নিবন্ধিত নারী উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আগামী ২৫/০২/২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত শর্তাবলীপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মেলায় নিম্নোক্তভাবে আবেদন করা যাবে:

আবেদন ফরম প্রাপ্তি স্থান	১। জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইট: (https://joyeeta.portal.gov.bd) ২। জয়িতা ফাউন্ডেশন কার্যালয়, জয়িতা টাওয়ার (৯ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
আবেদনপত্র জমা প্রদানের ঠিকানা	জয়িতা টাওয়ার (৮ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭, ধানমন্ডি, ঢাকা-১২০৭।
আবেদন জমার শেষ তারিখ	২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত)
মেলায় সময়কাল	০৮-১৪ মার্চ, ২০২৬ (৭ দিন ব্যাপী) সকাল ১০.০০ ঘটিকা থেকে রাত ০৮.০০ ঘটিকা পর্যন্ত।
অংশগ্রহণ ফি	ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ২) সহকারী পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ৩) কমন সার্ভিসেস অফিসার (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ৪) প্রোগ্রামার (জয়িতা ফাউন্ডেশনের ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৫) পিএ টু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কপি।


২২.২.২০২৬
মো: নজরুল ইসলাম
পরিচালক-৩